

## শারহ মাসাইলিল জাহিলিয়াহ

বিভাগ/অধ্যায়ঃ ১০৩-১০৮. ঈমানের মূলনীতিসমূহ অস্বীকার করা

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওয়ান আল ফাওয়ান

ঈমানের মূলনীতিসমূহ অস্বীকার করা

ফেরেশতামন্ডলী, নাবী-রসূল ও আসমানী কিতাব সমূহকে অস্বীকার করা এবং আল্লাহর বিধান থেকে মুখ ফিরিয়ে নেয়া, আখেরাত অবিশ্বাস করা এবং আল্লাহর সাক্ষাতকে মিথ্যা প্রতিপন্ন করা

.....

ব্যাখ্যা: এ সব মেনে না নেয়াই জাহিলী সমস্যা। আসমানী কিতাব, নাবী-রসূল, ফেরেশতামন্ডলী, আখেরাত ও আল্লাহর সাক্ষাতকে জাহিলরা বিশ্বাস করে না। এসব অদৃশ্য বিষয় যা তারা বিশ্বাস করে না। যারা অদৃশ্য বিষয়ে বিশ্বাসী তারাই কেবল এসবের প্রতি ঈমান আনে। অদৃশ্য বিশ্বাস না করার কারণেই জাহিলরা ফেরেশতামন্ডলী, কিতাব, নাবী-রসূল ও আখেরাতের প্রতি ঈমান আনে না। এ জন্য যারা অদৃশ্য বিশ্বাস রাখে কুরআনের শুরুতেই আল্লাহ তা'আলা তাদের বৈশিষ্ট্য বর্ণনা করেছেন। আল্লাহ তা'আলা বলেন,

( ... هُدًى لِّلْمُتَّقِينَ الَّذِينَ يُؤْمِنُونَ بِالْغَيْبِ وَيُقِيمُونَ الصَّلَاةَ ... ) [البقرة: 2, 3]

আল্লাহ, ফেরেশতা, আসমানী কিতাব, অহী এবং আখেরাতের প্রতি ঈমান সবই অদৃশ্য বিশ্বাসের অন্তর্ভুক্ত বিষয়। আর জাহিলরা অদৃশ্য বিশ্বাস করে না। এ কারণে তারা কুফরী করে। কিয়ামতের দিন আল্লাহর সাক্ষাতকেও তারা অস্বীকার করে।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=9073>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন